যুগান্তর

তারিখ ... 29 NOV 2017 ...
পৃ. ১৩ ... কলাম ... ১ ......

# শাবিতে প্রথম বর্ষের ভর্তি শুরু ১১ ডিসেম্বর

**শাবি প্রতিনিধি**

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) ২০১৭ -১৮ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি প্রক্রিয়া ১১ ডিসেম্বর শুরু হবে। নতুন বর্ষের শিক্ষার্থীদের ক্লাস জানুয়ারির দ্বিতীয় সপ্তাহের মধ্যেই শুরু হবে। ভর্তি কমিটির সদস্য সচিব সহযোগী অধ্যাপক মহিবুল আলম জানান, ১১ ডিসেম্বর সকাল ৯টা থেকে 'বি' ইউনিট (গ্রুপ-১) এর ১-৬০০ পর্যন্ত, ১২ ডিসেম্বর সকাল ৯টায় একই ইউনিটের গ্রুপ-১'র ৬০১-১১২৩ পর্যন্ত, দুপুর ২টায় গ্রুপ-২'র ১-৩০ পর্যন্ত শিক্ষার্থীদের সাক্ষাৎকার ও ভর্তি অনুষ্ঠিত হবে। একই দিন বিকাল ৩টা থেকে 'বি' ইউনিটে মেধাতালিকায় স্থান পাওয়া সব ধরনের কোটায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তি করানো হবে। ১৩ ডিসেম্বর সকাল ৯টায় 'এ' ইউনিটে বিজ্ঞান বিভাগে মেধাতালিকায় ১-২১৭ ও ১১টায় মানবিকের মেধা তালিকায় ১-৩১০ শিক্ষার্থীর সাক্ষাৎকার ও ভর্তি অনুষ্ঠিত হবে।